

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

উপপরিচালকের দপ্তর

কেন্দ্রীয় ছাপাখানা, বিউবো, ঢাকা।

e-mail: ddpressbpd@gmail.com

সূত্র নং : ২৭.১১.০০০০.১০৩.৬৩.০০১.২৫.১৩

তারিখঃ ০৯/০৭/২০২৫ খ্রিঃ

সীমিত দরপত্র পদ্ধতিতে ঠিকাদার তালিকাভুক্তি/লাইসেন্স নবায়ন বিজ্ঞপ্তি।

পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিজস্ব বাজেটের আওতায় বিউবোর কেন্দ্রীয় ছাপাখানার জন্য সীমিত দরপত্র পদ্ধতি প্রয়োগের মাধ্যমে অভ্যন্তরীণ ক্রয়কার্য সম্পাদনের লক্ষ্যে ২০২৫-২০২৬ অর্থবছরের ঠিকাদার তালিকাভুক্তি/নবায়ন করা হবে। কেন্দ্রীয় ছাপাখানা, বিউবো, ঢাকা কর্তৃক নির্ধারিত আবেদন ফরম উপপরিচালক, কেন্দ্রীয় ছাপাখানা, বিউবো, ঢাকা হতে অফিস সময়ে সরবরাহ করা হবে। আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান নিম্নোক্ত 'ছক-১' বা 'ছক-২' মোতাবেক ছকে উল্লিখিত পরিমাণ টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/চালান উপপরিচালক (হিসাব), কোয়াক, বিউবো, ঢাকা এর অনুকূলে জমা প্রদান করে অথবা মানি রিসিটের মাধ্যমে টাকা পরিশোধ করে নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করতে পারবেন। আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে নিম্নের ছক দুটিতে বর্ণিত সময়সীমা মোতাবেক ঠিকাদারী লাইসেন্স নবায়ন/তালিকাভুক্তি করার জন্য অনুরোধ করা হলো।

ছক-১

বিবরণ	নবায়ন ফি	ভ্যাট ১৫%	বিনা জরিমানায় নবায়নের সময়সীমা	৫০% জরিমানায় নবায়নের সময়সীমা	১০০% জরিমানায় নবায়নের সময়সীমা
ঠিকাদারী তালিকাভুক্তি নবায়ন	২,০০০/-	৩০০/-	১০/০৭/২০২৫ হতে ১০/০৮/২০২৫ পর্যন্ত	১১/০৮/২০২৫ হতে ১০/০৯/২০২৫ পর্যন্ত	১১/০৯/২০২৫ হতে ০৯/১০/২০২৫ পর্যন্ত

ছক-২

বিবরণ	তালিকাভুক্তি ফরমের মূল্য	তালিকাভুক্তি ফি	ভ্যাট ১৫%	নতুন তালিকাভুক্তি ফরম সংগ্রহ ও জমা প্রদানের সময়সীমা
ঠিকাদারী তালিকাভুক্তি	১,০০০/- টাকা	৫,০০০/- টাকা	৭৫০/-	বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ০৮/০৮/২০২৫ তারিখঃ বেলা ৫.০০ ঘটিকা পর্যন্ত

শর্তাবলীঃ-

- ২০২৫-২০২৬ অর্থবছরের লাইসেন্স নবায়ন এবং তালিকাভুক্তির জন্য ফি ও ভ্যাট জমা প্রদানপূর্বক মানি রশিদ সংগ্রহ করতে হবে।
- ঠিকাদার তালিকাভুক্তির জন্য ১,০০০/- টাকা মূল্যের তালিকাভুক্তি ফরম ও অফিস হতে সংগ্রহপূর্বক ফরমে উল্লিখিত সকল শর্তাবলী পূরণ করে দাখিল করতে হবে। তালিকাভুক্তিকরণ কমিটি কর্তৃক যাচাই-বাচাই অস্ত্রে উত্তীর্ণ ব্যক্তি/প্রতিষ্ঠানের তালিকাভুক্তি ফি গ্রহণপূর্বক ঠিকাদার তালিকাভুক্তি করা হবে।
- নির্ধারিত তারিখের পরে কোনক্রমে নবায়ন/তালিকাভুক্তি ফি গ্রহণ করা হবে না।
- ঠিকাদার তালিকাভুক্তি নবায়নের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হবে গণ্য হবে।
- ২০২৫-২০২৬ অর্থবছরে নবায়নের ক্ষেত্রে শুধুমাত্র ২০২৪-২০২৫ অর্থবছরে হালনাগাদকৃত ঠিকাদারগণকেই বিবেচনা করা হবে।।
- সীমিত দরপত্র পদ্ধতি প্রয়োগের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি ৬৩ ও ৬৪ অনুসরণযোগ্য এবং তালিকাভুক্তিকরণ সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বান/কাজ প্রদানের নিশ্চয়তা বিধান করে না।


০৭/০৭/২৫
(মোঃ মনিরুজ্জামান)

পরিচিতি নং : ০৮-০০০৭

উপপরিচালক

কেন্দ্রীয় ছাপাখানা, বিউবো, ঢাকা।

মোবাইলঃ ০১৩১৩-০৯৬১৪৯

e-mail: ddpressbpd@gmail.com

০৭/০৭/২৫